



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

Answer WorkSheet - 7

Class: 3



Subject: Bengali Text: (নয়নদার সঙ্গে বসন্তপুরে)

Date: 11/5/20

১। শব্দের অর্থ লেখ :-

ক) নিরুপায় = উপায় না থাকা

খ) কোঁচার খুট = কাপড়ের শেষ প্রান্ত

গ) সচ্ছল = সঙ্গতিপন্ন

ঘ) ফলার = চিড়ে দুধ কলা দিয়ে মাখা খাদ্য

ঙ) ক্লান্ত = অবসন্ন

চ) প্রণামী = প্রণাম করে দেওয়া দক্ষিণা

২। বাক্যরচনা কর :-

ক) ব্যাপার = কী ব্যাপার ঘটল আমি কিছুই জানি না ।

খ) টোপ = এই টোপগুলি দিয়ে অনেক মাছ ধরলাম ।

গ) সচ্ছল = আমার বন্ধুর পরিবারটি অত্যন্ত সচ্ছল ।

ঘ) ক্লান্ত = হাঁটতে হাঁটতে আমি ক্লান্ত হয়ে পড়লাম ।

৩। উত্তর লেখ :-

ক) বসন্তপুর যাওয়ার পথটা ভালো না ভয়ের, তাই নয়ন বাগদি লেখককে বসন্তপুরে নিয়ে যেতে চায় নি ।

খ) লেখক সাতগাঁর দোকান থেকে মুড়ি, মুড়কি, আর বাতাসা খেয়েছিল ।

গ) পিসির বাড়ীর অবস্থা বেশ সচ্ছল ছিল ।

ঘ) নয়ন পিসিকে প্রণামী দিতে গেলে পিসি তা ফিরিয়ে দিয়ে বলেছিলেন, তোর ছেলেমেয়েদের বাতাসা কিনে দিস ।

ঙ) পিসির বড়োবউ কলাপাতায় চিড়ে, গুড়, দুধ, ও কলা দিয়ে ফলার খেতে দিয়েছিলেন ।

৪। বন্ধনী থেকেএকই অর্থের শব্দ খুঁজে নিয়ে পাশে লেখ :- (নিঃশব্দে, কাকুতি-মিনতি, প্রণামী, সচ্ছল, বাতিক)

ক) প্রবল শখ = বাতিক

খ) নীরবে = নিঃশব্দে

গ) সঙ্গতিপন্ন = সচ্ছল

ঘ) কিছুতেই সম্মত না হওয়া = কাকুতি-মিনতি

ঙ) প্রণামের সময় দেওয়া দক্ষিণা = প্রণামী

Manashi Chaudhuri